# ২০২৩
# বাংলা

[অনার্স]

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNG-H-GE-T-2

(জেনেরিক ইলেকটিভ)

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ): গদ্যের বিকাশ থেকে সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'লিপিমালা' গ্রন্থটি কার রচনা? গ্রন্থটির প্রকাশসাল কত?

খ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার কে ছিলেন? তাঁর দুটি গ্রন্থের নাম লেখো।

গ) প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী? তিনি বাংলা গদ্যে কোন্ রীতির প্রবর্তক হিসাবে প্রসিদ্ধ?

ঘ) 'এখন আর খাঁটি বাঙালি কবি জন্মে না— জন্মিবার যো নাই— জন্মিয়া কাজ নাই।'

— কে কার সম্পর্কে এরূপ মন্তব্য করেছেন?

(পরের পাতায়)

ঙ) 'সকলেই কবি নয়। কেউ কেউ কবি।'

— এই বিশিষ্ট উক্তিটি কোন্ কবির? তিনি কোন্ গ্রন্থে এরূপ মন্তব্য করেছেন?

চ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত দুটি উপন্যাসের নাম প্রকাশসাল সহ লেখো।

ছ) নিখিলেশ ও বিমলা চরিত্র দুটি কোন্ উপন্যাসের? ঔপন্যাসিকের নাম লেখো।

জ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রথম গল্পটির নাম লেখো। এই গল্পটির কথক চরিত্রটির নাম লেখো।

ঝ) 'সংবাদ প্রভাকর' পত্রিকার সম্পাদকের নাম কী? কত খ্রিষ্টাব্দে এই পত্রিকা প্রথম দৈনিকে পরিণত হয়?

ঞ) 'দিগ্‌দর্শন' পত্রিকাটির সম্পাদক কে ছিলেন? কোথা থেকে পত্রিকাটি প্রকাশিত হয়েছিল?

ট) গিরিশচন্দ্র ঘোষের দুটি নাটকের নাম লেখো।

ঠ) সাধুভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

ড) বাংলা ভাষার প্রধান উপভাষা কয়টি? কী কী?

ঢ) মৌলিক শব্দ বলতে কী বোঝায়? মৌলিক শব্দ কত প্রকার?

ণ) ধ্বনিলোপ কাকে বলে? একটি উদাহরণ সহ লেখো।

২। 'ক' বিভাগ থেকে যে-কোনো **তিনটি** এবং 'খ' বিভাগ থেকে যে-কোনো **একটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

## 'ক'-বিভাগ

ক) বাংলা কাব্যে মধুসূদন দত্তের নতুন দৃষ্টিভঙ্গী 'মেঘনাদবধ কাব্য'টির আলোকে সংক্ষেপে লেখো।



খ) বাংলা সংবাদপত্রের জগতে 'সমাচার দর্পণে'র ভূমিকাটি লেখো।

গ) 'নীলদর্পণ' নাটক অবলম্বনে দীনবন্ধু মিত্রের কৃতিত্ব ব্যাখ্যা করো।

ঘ) টীকা লেখো (যে কোনো **দুটি**) :

অ) রামমোহন রায়

আ) হাঁসুলী বাঁকের উপকথা

ই) ঘরে-বাইরে

ঈ) সঞ্চিতা

## 'খ' - বিভাগ

ঙ) সাধু ও চলিত ভাষার পার্থক্যগুলি লেখো।

চ) টীকা লেখো (যে কোনো **দুটি**) :

অ) অপিনিহিতি

আ) ধ্বনির আগম

ই) প্রাচীন বাংলার ছন্দোরীতিগত বৈশিষ্ট্য

ঈ) বর্ণবিপর্যয়

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা কাব্যসাহিত্যে কবি জীবনানন্দ দাশের ভূমিকা সংক্ষেপে লেখো।

খ) বাংলা সাহিত্যে ঔপন্যাসিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।

গ) সামাজিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের অবদান নিজের ভাষায় লেখো।

ঘ) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত বিভিন্ন শব্দের পরিচয় দাও।

———